দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... AUG 2017 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৪...

# তাড়াশে প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষার্থীদের বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, সিরাজগঞ্জ ।** রবিবার সকালে তাড়াশে রঘুনিলী মঙ্গলবাড়িয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অর্থআত্মসাত দুর্নীতি,স্বেচ্ছাচারিতারসহ নানা অভিযোগে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচী পালন করেছে। প্রতিষ্ঠানের ৫ শতাধিক শিক্ষার্থী, অভিভাবক ও বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যরা ওই কর্মসূচীতে অংশ নিয়ে দুর্নীতিবাজ প্রধান শিক্ষক রবিউজ্জামান নান্নুর অফিস কক্ষে তালা দিয়ে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে স্লোগান দেয়। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিদ্যালয় চত্বরে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ মিছিল করে। খবর পেয়ে তাৎক্ষণিক তাড়াশ থানা পুলিশ ও উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি শান্ত করে।

আন্দোলনরত শিক্ষার্থী, একাধিক শিক্ষক ও বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যরা জানান, প্রধান শিক্ষক রবিউজ্জামান নান্নু বিদ্যালয়টি পারিবারিক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে তার পিতা আলহাজ আবুল কাসেমকে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি নিযুক্ত, তার স্ত্রীকে শিক্ষক নিয়োগ দিয়ে শিক্ষকদের প্রতিনিধি করেছেন। এছাড়াও তার ছোট ভাই, চাচাত ভাই এবং তাদের স্ত্রীদের শিক্ষক নিয়োগ দিয়ে প্রতিষ্ঠানকে একটি পারিবারিক প্রতিষ্ঠানে রূপ দিয়েছেন।

বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য কামরুজ্জামান কাবিল জানান, বিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে ক্ষমতার দাপটে তিনি বিদ্যালয়ের বিভিন্ন তহবিলের অর্থ আত্মসাত করে আসছেন। এসবের প্রতিবাদ করলে তিনি অন্যায়ভাবে শিক্ষকদের কারণ দর্শানোর নোটিস দিয়ে হয়রানি করে থাকেন। এ প্রসঙ্গে রঘুনিলী মঙ্গলবাড়িয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউজ্জামান নান্নু জানান, কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নেয়ায় তারা কোমলমতি শিক্ষার্থীদের দিয়ে অবৈধ আন্দোলন করাচ্ছে।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফকির জাকির হোসেন জানান, বিষয়টি তদন্ত সাপেক্ষে পদক্ষেপ গ্রহণ করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর